

২০১৯

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দ সংখ্যা পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের শুরুতে রয়েছে একটি মৃত্যুদৃশ্য এবং উপন্যাসের অগ্রগতি ও পরিণতিতেও রয়েছে মৃত্যুচেতনার প্রতিফলন। — উপন্যাস অবলম্বনে প্রসঙ্গটি আলোচনা করো। ১৪
- অথবা,
- (খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে শশী চরিত্রটি কীভাবে প্রচলিত চেনা কাঠামোর বাইরে স্বাভাবিক হয়ে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো। ১৪
- ২। (ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসের শিরোনাম অত্যন্ত বাঞ্ছন্যবহু এবং বহুমাত্রিক। — উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১২
- অথবা,
- (খ) মহাশেতা দেবীর 'অরণ্যের অধিকার' উপন্যাসে 'ধানী' মুণ্ডা চরিত্রটির গুরুত্ব ও তাৎপর্য বুঝিয়ে দাও। ১২
- ৩। (ক) 'নিশীথে' গল্পটি অতিপ্রাকৃত রসের আড়ালে মানব মনস্তত্ত্বের বিশ্লেষণ। — গল্পটি অবলম্বনে আলোচনা করো। ১২
- অথবা,
- (খ) 'ল্যাবরেটরী' গল্পের সোহিনী চরিত্রটি নির্মাণে রবীন্দ্রনাথের দক্ষতার মূল্যায়ন করো। ১২
- ৪। (ক) 'মহানগর' গল্পের শেষে বালক রতনের জীবন-অভিজ্ঞতার স্বরূপ বিশ্লেষণ করো। ১৫
- অথবা,
- (খ) ধনতন্ত্র ও সামন্ততন্ত্রের সংঘাত এবং আপসে শিক্ষিত মধ্যবিত্ত মুখার্জি চরিত্রের অবস্থান 'ফসিল' গল্প অবলম্বনে নির্ণয় করো। ১৫
- ৫। (ক) সাবিত্রী রায়ের 'অন্তঃসলিলা' গল্প অবলম্বনে 'শকুন্তলা'র জীবনে 'মধ্যবিত্ত নারীর সংগ্রামের' প্রকৃত রূপ বিশ্লেষণ করো। ১৫
- অথবা,
- (খ) ফণীশ্বরনাথ 'রেনু'র 'দাহ' গল্পের 'ফাতিমা দি' চরিত্রে সমকালীন ভারতবর্ষেরই প্রতিফলন। — গল্পটি অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১৫

Please Turn Over

৬। (ক) কাকে ভাকছেন ছোটোবাবু? কে যাবে আপনার সঙ্গে? কার উক্তি? কোন প্রসঙ্গে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+২
অথবা,

(খ) 'বিন্দুরও পরিবর্তন হইয়াছিল, এও পরিবর্তন'— কার উক্তি? বিন্দুর কী পরিবর্তন হয়েছিল? এখানে কার কোন পরিবর্তনের কথা বলা হয়েছে? ১+১+২

৭। (ক) 'দিকুতে সাহেবে মিলে মোরে বারবার অশুচ করে।' — কার অশুচি হওয়ার কথা বলা হয়েছে? তার অশুচি হবার কারণ কী? ১+৩

অথবা,

(খ) 'বীরসা জানত না, ও হেঁটেছিল এক জন্ম, এক জীবন থেকে আরেক জীবনের দিকে।'— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে দাও। ৪

৮। (ক) 'প্রকৃতি যেন তাহার ভাবার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।'— কার কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

অথবা,

(খ) 'এই চিঠিগুলো আমারই চিঠি হয়ে উঠল— ওগুলি আজ আমারই প্রাণের স্ববন্দন।'— বক্তা কে? চিঠিগুলি কে, কাকে লিখেছিল? বক্তার এরূপ বক্তব্যের কারণ কী? ১+১+২

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

(ক) 'কিছু এ সুখ তাঁর অদৃষ্টে টিকিল না।'— কোন গল্পের অংশ? কোন সুখের কথা বলা হয়েছে? তাঁর অদৃষ্টে টিকিলো না কেন? ১+১+৩

(খ) 'মহা সংগীতের স্বাদ তাতে মিলবে না, তৃষ্ণা তাতে মেটবার নয়— জানি।'— কোন গল্পের অংশ? কার লেখা? প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+১+৩

(গ) 'নিমাই পণ্ডিত যে বিয়ের পুরুত, সে বিয়ে অমান্য করে কে?— কোন বিয়ের কথা বলা হয়েছে? এরূপ উক্তির কারণ কী? প্রসঙ্গ নির্দেশ করে বুঝিয়ে দাও। ১+৪

(ঘ) 'কেন আমায় লজ্জা দিচ্ছেন বারবার। যা হবার হয়ে গিয়েছে। পা ছাড়ুন।'— কে, কার উদ্দেশ্যে কথাগুলি বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ১+১+৩

১০। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

(ক) 'সার্কাসে দেখোনি? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা কেমন সম্ভরণে হেঁটে ওপারে পৌঁছে যায়।'— কে, কাকে একথা বলেছে? প্রসঙ্গটি উল্লেখ করে তাৎপর্য লেখো। ১+১+৩

(খ) 'তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে, বর্বর হচ্ছে, সূক্ষ্মতার নামে দরকচা মেয়ে যাচ্ছে।'— কোন গল্পের অংশ? বক্তা কে? কাকে বলেছে, কেন? বুঝিয়ে দাও। ১+১+১+২

(গ) 'সার্জারি করব। তোমাদের মতো পচা রক্ত বাদ দেব।'— কে, কাকে কোন প্রসঙ্গে একথা বলেছে? বক্তব্যের অর্থ কী? ১+১+১+২

(ঘ) 'পেয়ারার ডাল দিয়ে গুলতি করবার সময় মনে হল এটা ঠিক খ্রিস্টান সম্মত কাজ নয়।'— কোন প্রসঙ্গে কার একথা মনে হয়েছে? প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+১+৩